# ALL INDIA RADIO, SILCHAR

*************

## MORNING NEWS BULLETIN

## DATE: 21 MARCH 2024

## TIME: 7:35 am – 7:40 am

---

নির্বাচন কমিশন লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ের জন্য গতকাল আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারী করেছে । প্রথম পর্যায়ে সতেরোটি রাজ্য এবং চারটি কেন্দ্র শাসিত অঞ্চলের মোট ১০২টি আসনে ভোট গ্রহন করা হবে । প্রথম পর্যায়ে আসামের পাঁচটি, অরুণাচল প্রদেশ, মণিপুর ও মেঘালয়ের দুটি করে এবং নাগাল্যান্ড, মিজোরাম, ত্রিপুরা ও সিকিমের একটি করে আসন সহ মোট পনেরোটি লোকসভা আসনের জন্য ভোটগ্রহণ করা হবে । প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য ইচ্ছুক প্রার্থীরা আগামী ২৭শে মার্চ পর্যন্ত মনোনয়ন পত্র দাখিল করতে পারবেন । ২৮শে মার্চ মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে এবং মনোনয়ন পত্র প্রত্যাহারের অন্তিম দিন হচ্ছে আগামী ৩০শে মার্চ ।

উল্লেখ্য প্রথম পর্যায়ে আগামী ১৯শে এপ্রিল ভোটগ্রহণ করা হবে।

---

আসামের নবগঠিত কাজিরাঙ্গা লোকসভা কেন্দ্র সহ শোণিতপুর, লক্ষীমপুর, ডিব্রুগড় এবং যোরহাট কেন্দ্রে প্রথম পর্যায়ে নির্বাচন অনুষ্ঠিত হবে । দ্বিতীয় পর্যায়ে আগামী ২৬শে এপ্রিল- শিলচর, করিমগঞ্জ, ডিফু, নগাঁও, দরং-উদালগুড়ি আসনে এবং তৃতীয় পর্যায়ে আগামী সাতই মে গৌহাটি, বড়পেটা, ধুবড়ী এবং কোকরাঝাড়ে নির্বাচন অনুষ্ঠিত হবে ।

রাজ্যে প্রথম পর্য্যায়ের নির্বাচনে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , কংগ্রেসের গৌরব গগৈ সহ বিভিন্ন রাজনৈতিক নেতাদের ভাগ্য নির্ধারন হবে ।

---

নির্বাচন কমিশন লোকসভা নির্বাচনের দিন ঘোষণা করার পর থেকে নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য রাজ্যের জেলা প্রশাসন গুলি যাবতীয় প্রস্তুতি গ্রহণ করেছে । নির্বাচনী আদর্শ আচরণ বিধি লঙ্ঘনকারীদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করার জন্য প্রতিটি জেলায় নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করা হয়েছে । অভিযোগকারীরা নির্বাচনী আর্দশ আচরণ বিধি লঙ্ঘন সম্পর্কিত অভিযোগ তাৎক্ষণিকভাবে নিষ্পত্তি করার জন্য সি-ভিজিল-এ্যাপ ডাউনলোড করে যেকোনো ফটো বা ভিডিও আপলোড করতে পারবেন । নির্বাচন কমিশনের ‘সুবিধা’ এ্যাপের মাধ্যমেও প্রার্থীদের নির্বাচন সংক্রান্ত তথ্য পাওয়া যাবে ।

---

হাইলাকান্দি জেলার সাতটি ভোট গ্রহন কেন্দ্রকে পার্শ্ববর্তী সহায়ক ভোট কেন্দ্রের সাথে সংযুক্ত করা হয়েছে । আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের ১০৫১ নম্বর পূর্বগুল প্রাথমিক বিদ্যালয়ের দু নম্বর কক্ষের ভোট গ্রহন কেন্দ্রটি পার্শ্ববর্তী ২৭৩ নম্বর বড় হাইলাকান্দি প্রাথমিক বিদ্যালয়ে স্থানান্তর করা হয়েছে । অনুরূপভাবে ৪৪ নম্বর কাঞ্চনপুর প্রাথমিক বিদ্যালয়ের  এক নম্বর কক্ষটি কাঞ্চনপুর এম ই স্কুলের এক নম্বর কক্ষে স্থানান্তর করা হয়েছে । এছাড়া ৩৭ নম্বর বড়বন্দ প্রাথমিক বিদ্যালয়ের ভোট গ্রহন কেন্দ্র ৭৮৬ নম্বর মাঝিরগাও আঞ্জির আলী স্মৃতি প্রাথমিক বিদ্যালয়ের  দু নম্বর কক্ষে , ৭০৬ নম্বর ছড়ারপার প্রাথমিক বিদ্যালয়ের এক নম্বর কক্ষের ভোট গ্রহন কেন্দ্রটি ৬০ নম্বর জয়কৃষ্ণপুর মক্তবে , গুলাম ওয়াজিদ আলী এম ই স্কুলের ভোট কেন্দ্রটি জলালপুর প্রাথমিক বিদ্যালয়ে এবং উমেদনগর প্রাথমিক বিদ্যালয়ের দু নম্বর কক্ষের ভোট কেন্দ্রটি ভূমিজ বস্তী  প্রাথমিক বিদ্যালয়ে সংযুক্ত করা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলায় আসন্ন লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্টভাবে সম্পন্ন করার জন্য করিমগঞ্জ জেলা আয়ুক্তের কার্য্যলয়ে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । এই কন্ট্রল রুমের টোল ফ্রি নম্বর হচ্ছে-১৯৫০ এবং টেলিফোন নম্বর হচ্ছে ০৩৮৪৩-২৬৫১৪৪ । নির্বাচন সংক্রান্ত যেকোন তথ্য সহ জেলার যেকোন স্থানে নির্বাচনী আর্দশ-আচরন বিধি ভঙ্গের অভিযোগ এই দুটি নম্বরে জানানো যাবে ।

---

কাছাড়ের জেলা নির্বাচনী আধিকারীক তথা জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে আগামী ২৩শে মার্চ বিকেল চারটার মধ্যে জেলার নিবন্ধিত প্রিন্টিং প্রেস থেকে কাগজ বিহীন পোষ্টাল ব্যালট প্রিন্টিং-এর জন্য সংক্ষিপ্ত দরপত্র আহ্বান করেছেন । বিস্তারিত বিবরন জেলা নির্বাচনী আধিকারীকের কার্য্যালয়ে পাওয়া যাচ্ছে ।

---

রাজ্যে জমির রাজস্ব সংগ্রহ অভিযানকে আরো সহজ করার লক্ষ্যে রাজ্য সরকারের নির্দেশে হাইলাকান্দি জেলায় রাজস্ব চক্র ভিত্তিক বিশেষ সাপ্তাহিক জমির খাজনা আদায় শিবিরের আয়োজন করা হয়েছে । আজ থেকে আগামী ৩১শে মার্চ পর্য্যন্ত জেলার বিভিন্ন চক্র আধিকারীকের কার্য্যালয় এবং গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে খাজনা আদায় শিবিরের আয়োজন করা হয়েছে । হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আজ লালা উন্নয়ন খন্ড কার্য্যালয়ে , আগামীকাল আলগাপুর চক্র আধিকারীকের কার্য্যালয়ে, ২৪শে মার্চ কালিনগর গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে, ২৫শে মার্চ কাটলিছড়া চক্র আধকারীকের কার্য্যালয়ে, ২৬শে মার্চ দক্ষিন হাইলাকান্দি উন্নয়ন খন্ড কার্য্যালয়ে, ২৭শে মার্চ কাটলিছড়া উন্নয়ন খন্ড কার্য্যালয়ে, ২৮শে মার্চ মাটিজুড়ি-পাইকান গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে, ২৯শে মার্চ সিরিশপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে, ৩০শে মার্চ বোয়ালিপার গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে এবং ৩১শে মার্চ রাংগাউটি গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে নকাল নটা থেকে বিকেল চারটে

পর্য্যন্ত বিশেষ খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । নির্ধারিত দিনে সংশ্লিষ্ট জমি মালিকদের শিবিরে উপস্থিত হয়ে জমির রাজস্ব প্রদান করতে জেলা প্রশাসন থেকে আহ্বান জানানো হয়েছে ।

---

আজ বিশ্ব কবিতা দিবস । এ উপলক্ষ্যে আজ বরাক উপত্যকার বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকে বিশ্ব কবিতা দিবস পালন করা হচ্ছে । আজ শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ে বিশ্ব কবিতা দিবস উপলক্ষ্যে একটি আলোচনা সভার আয়োজন করা হয়েছে । এছাড়া কথা বাক শিল্প চর্চা কেন্দ্র, সুরম্য ছন্দ নিকেতন বিশ্ব কবিতা দিবস পালন করছে ।

---

কাছাড় জেলা মিডিয়া সেলের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে শিলচর পৌরসভা ভবনের বিপিন চন্দ্র পাল স্মৃতি ভবনে থাকা এম পি এবং এম এস এম সি সেলে জেলার সব ক্যাবল নিউজ চ্যানেল , নিউজ পোর্টালগুলিকে প্রতি দিনের দৈনিক সংবাদ বা নির্বাচন সংক্রান্ত কোন অনুষ্ঠানের অনুলিপি জমা দিতে হবে । প্রত্যেক সংবাদ প্রতিষ্ঠানকে রাত ৮টার মধ্যে publicity and msmc cell cachar@gmail এই মেইলের মাধ্যমে সংবাদ পাঠাতে বা সি ডি পাঠাতে বলা হয়েছে ।

---